

২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-০৬(১০১)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/১৮৪৯ তারিখ: ১৫/০১/২০১৮
মোতাবেক ২০১৮ সালের স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

অনলাইনে আবেদন করার তারিখ : ১৮/০১/২০১৮ থেকে ০৩/০২/২০১৮ পর্যন্ত
আবেদন ফরম জমা দেয়ার তারিখ : ২১/০১/২০১৮ থেকে ০৪/০২/২০১৮ পর্যন্ত

১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করার যোগ্যতা:

- বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয় হতে ২০১৪ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ/বি.এস.এস/বি.বি.এস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।
- O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৪ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।
- ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- বিষয়সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), আরবী, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে। প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে প্রার্থীগণ কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত না থাকলে সে বিষয়ে রেজিস্ট্রেশন করা যাবে না।
- যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।
- স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ কার্যক্রমে অংশগ্রহণ করলে তার রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। সার্টিফিকেট কোর্সে আবেদন করার যোগ্যতা:

- বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নের উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- বিষয় সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), আরবী, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা।

৩। আবেদন ফরম সংগ্রহ:

রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীগণ www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions ওয়েবসাইটে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ভাউনলোড করতে পারবে। আবেদনের সময় প্রার্থীকে সঠিকভাবে কোর্স ও বিষয় নির্বাচন করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি নম্বর সম্বলিত আবেদনফরম প্রিন্ট কর রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৪/০২/২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে (কলা ভবনের নীচ তলা) জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।